শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা-০১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.১৬.০২২.২০-১০৩

তারিখ: ৩০ পৌষ ১৪২৭
১৪ জানুয়ারি ২০২১

বিষয়: **নাটোর জেলার নলডাঙ্গা উপজেলাধীন সড়কুতিয়া দাখিল মাদ্রাসা-এর পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনের ব্রডশীট জবাবের উপর টিএমইডি এর নির্দেশনা প্রতিপালনপূর্বক প্রমাণকসহ বিএসআর টিএমইডিতে পুনরায় প্রেরণ।**

সূত্র: টিএমইডি এর স্মারক নং-৫৭.০০.০০০০.১৪২.১৬.০২২.২০২০-৬৪, তারিখ: ০৩.০৩.২০২০ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের প্রেক্ষিতে নাটোর জেলার নলডাঙ্গা উপজেলাধীন সড়কুতিয়া দাখিল মাদ্রাসা-এর পরিদর্শন প্রতিবেদনের উপর অনুসরণীয় নির্দেশনা দিয়ে টিএমইডি হতে ডিজি, ডিএমই-কে পত্র প্রেরণ করা হয়।

০২. উল্লেখিত পত্রে ডিআইএ কর্তৃক পরিদর্শন প্রতিবেদনের অনুচ্ছেদ ১৫-১(ঞ) এ বর্ণিত আপত্তি নিম্নরূপ:

| বিএসআর এর ক্র: নং | DIA এর আপত্তি | প্রতিষ্ঠান প্রধানের জবাব | DEO এর জবাব | DG, DME এর সুপারিশ | TMED এর নির্দেশনা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ (ঞ) | শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত: প্রতিষ্ঠানটির সহকারী শিক্ষক (বিজ্ঞান) জনাব মো: ইউনুছ আলী সরদার গত ০১/০২/২০১১ তারিখে যোগদান করেন। তিনি ০১/০৫/২০১৪ তারিখে ৮০০০/- টাকা স্কেলে এমপিওভুক্ত হন। তাঁর নিবন্ধন সনদটি যাচাই করণের জন্য বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ণ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়। তদপ্রেক্ষিতে উক্ত কার্যালয়ের ২২/১১/২০১৬ খ্রি. তারিখের ২০৯ নং স্মারকের পত্রে উল্লেখ আছে যে, জনাব মো: ইউনুছ আলী সরদার এর নিবন্ধন সনদটি সঠিক নয়। জনাব মো: ইউনুছ আলী সরদার এর নিবন্ধন সনদটি সঠিক না হওয়ায় তাঁর নিয়োগ ও এমপিও বাতিলযোগ্য। তিনি সরকারি বেতন ভাতা প্রাপ্য নহেন এবং এমপিওভুক্তি তারিখ ০১/০৪/২০১৪ হতে ৩১/০৩/২০১৬ খ্রি. তারিখ পর্যন্ত সরকারি বেতন ভাতা বাবদ গৃহীত মোট ৩,৬৪,৩২০/- টাকা সরকারি কোষাগারে ফেরতযোগ্য। তদপরবর্তী গৃহীত বেতন-ভাতাও সরকারি কোষাগারে ফেরতযোগ্য মর্মে ডিআইএ কর্তৃপক্ষ প্রতিবেদনে উল্লেখ করেছেন। | সুপারিটেনডেন্ট কর্তৃক কর্মরত শিক্ষক/কর্মচারীদের শিক্ষাগত যোগ্যতার সনদ ও নিয়োগ সংক্রান্ত তথ্যাদি সঠিক মর্মে উল্লেখ করেন। তবে সহকারী শিক্ষক(বিজ্ঞান), জনাব মো: ইউনুছ আলী সরদার এর নিবন্ধন সনদটি যাচাই করণের জন্য বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হলে উক্ত কার্যালয়ের ২২/১১/২০১৬ তারিখের ২০৯ নং স্মারক পত্রের বরাতে জনাব মো: ইউনুছ আলী সরদার এর নিবন্ধন সনদটি সঠিক নয় মর্মে জানানো হয়েছে। জনাব মো: ইউনুছ আলী সরদার এর নিবন্ধন সনদটি সঠিক না হওয়ায় তাঁর নিয়োগ ও এমপিও বাতিলযোগ্য। তিনি সরকারি বেতন ভাতা প্রাপ্য নহেন এবং এমপিওভুক্তি তারিখ ০১/০৪/২০১৪ হতে ৩১/০৩/২০১৬ তারিখ পর্যন্ত সরকারি বেতন ভাতা বাবদ গৃহীত মোট ৩,৬৪,৩২০/- টাকা এবং ০১/০৪/২০১৬ তারিখ হতে জুলাই ২০১৮ পর্যন্ত গৃহীত বেতন বাবদ ৫,৩১,৪৬০/- টাকা সর্বমোট (৩,৬৪,৫২০+৫,৩১,৪৬০) = ৮,৯৫,৭৮০/- টাকা সরকারি কোষাগারে ফেরত দেয়ার জন্য গত ১৭/০৯/২০১৮ খ্রি. তারিখে প্রাপ্তিস্বীকার রশিদ এর মাধ্যমে পত্র প্রেরণ করা হয়েছে। | সহকারী শিক্ষক (বিজ্ঞান), জনাব মো: ইউনুছ আলী সরদার ইতোমধ্যে প্রতিষ্ঠান হতে অব্যাহতি নিয়েছেন। তবে সরকারি পাওনা অর্থ অবশ্যই ফেরত দিতে হবে। এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। | সুপার ও জেলার শিক্ষা অফিসারের জবাবের সাথে একমত পোষণ করছি। সহকারী শিক্ষক (বিজ্ঞান) জনাব মো: ইউনুছ আলী সরদার এর নিকট হতে গৃহীত মোট = ৮,৯৫,৭৮০/- টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করে ট্রেজারী চালানের কপি প্রেরণ করার শর্তে আপত্তিটি নিষ্পত্তি করা যেতে পারে। | সরকারি অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা না হওয়া পর্যন্ত অত্র বিভাগে বিএসআর প্রেরণ করার কারণ কি? সহকারী শিক্ষক (বিজ্ঞান), জনাব মো: ইউনুছ আলী সরদার এর এমপিও বন্ধের প্রমাণক এবং তার নিকট হতে গৃহীত মোট ৮,৯৫,৭৮০/- টাকা সরকারি কোষাগারে জমা প্রদানের প্রমাণকসহ বিএসআর আগামী ২৮.০১.২০২১ খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-তে প্রেরণের জন্য ডিজি, ডিএমই-কে ২য় বারের জন্য অনুরোধ করা হলো। |

০৩. উপরিল্লিখিত ছকে বর্ণিত ০৬ নং কলামের নির্দেশনা বাস্তবায়নপূর্বক প্রমাণকসহ বিএসআর ২৫.০৩.২০২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণ করার কথা থাকলেও অদ্যাবধি (ইতোমধ্যে প্রায় ৯ মাস অতিক্রান্ত হওয়া সত্তেও) তা পাওয়া যায়নি যা সুস্পষ্টভাবে সরকারি নির্দেশনা অমান্যের সামিল।

০৪. এমতাবস্থায়, উপরিউক্ত ছকের ৬ নং কলামের নির্দেশনা বাস্তবায়নপূর্বক প্রমাণকসহ বিএসআর আগামী ২৮.০১.২০২১ খ্রি. তারিখের মধ্যে আবশ্যিকভাবে টিএমইডি-তে প্রেরণ নিশ্চিত করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে **২য় বারের মতো** অনুরোধ করা হলো।

১৪-১-২০২১
নূরজাহান বেগম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৫২৭২

মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ
গার্লস গাইড এসোসিয়েশন, গাইড হাউজ, ৭ম ও ১০ম
তলা, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.১৬.০২২.২০-১০৩/১(৮)

তারিখ: ৩০ পৌষ ১৪২৭
১৪ জানুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২) জনসংযোগ কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৩) সিস্টেম এনালিষ্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইডে প্রকাশের অনুরোধসহ)।

৪) সভাপতি, সড়কুতিয়া দাখিল মাদ্রাসা, উপজেলা-নলডাঙ্গা, জেলা-নাটোর।

৫) সুপার, সড়কুতিয়া দাখিল মাদ্রাসা, উপজেলা-নলডাঙ্গা, জেলা-নাটোর।

৬) অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (মহোদয়ের সদয় অবগতির জন্য)

৭) উপ-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (মহোদয়ের সদয় অবগতির জন্য)

৮) অফিস কপি, মাষ্টার কপি।

১৪-১-২০২১
নূরজাহান বেগম
সিনিয়র সহকারী সচিব